

নিরাপদে রাখুন আপনার পরিবার

শেষ হালনাগাদ করা হয়েছে: 26 অগাস্ট, 2026

অতিরিক্ত তথ্য-সংস্থান

**NYC মেয়রস্ অফিস অভ ইমিগ্র্যান্ট
অ্যাফেয়ার্স – MOIA-এর অভিবাসন সংক্রান্ত
আইনি সহায়তার হটলাইন
800-354-0365**

সোমবার, সময়, 9:00 AM – 8:00 PM
মঙ্গলবার, সময় 9:00 AM – 6:00 PM
বুধবার, সময় 9:00 AM – 8:00 PM
বৃহস্পতিবার, সময় 9:00 AM – 6:00 PM
শুক্রবার, সময় 9:00 AM – 6:00 PM
মাসের শেষ শনিবার, সময়
9:00 AM – 5:00PM
বিভিন্ন দোভাষী পরিষেবা পাওয়া যাবে

**সিটি অভ নিউ ইয়র্ক
311**

প্রতিদিন, সারাদিন লভ্য।
“ইমিগ্রেশন” অনুরোধ করুন।
বিভিন্ন দোভাষী পরিষেবা পাওয়া যাবে

**ফ্যামিলি লিগ্যাল কেয়ার
212-343-1122**

সোমবার–শুক্রবার, 9:00 a.m.–1:00 p.m.
এবং 2:00 p.m.–5:00 p.m.
বিভিন্ন দোভাষী পরিষেবা পাওয়া যাবে

**আপনার অধিকারসমূহ জানুন
nyc.gov/KnowYourRights**

আপনার অধিকার এবং যেসব সুরক্ষা রয়েছে
সেগুলো সম্পর্কে জানুন।

**ফ্যামিলি জাস্টিস সেন্টার
nyc.gov/FJC**

গৃহ ও লিঙ্গ ভিত্তিক সহিংসতায় ভুক্তভোগীদের
জন্য বিভিন্ন সহায়তা এবং পরিষেবা খুঁজে নিন।

আপনার তথ্য হালনাগাদ করুন

আপনার সন্তানের স্কুলে প্রাপ্তবয়স্কদের নাম এবং ফোন নম্বর সহ জরুরি
পরিস্থিতিতে যোগাযোগের তথ্য দিন (উদাহরণস্বরূপ: পারিবারের সদস্য,
বন্ধু-বান্ধব, বেবিসিটার, প্রতিবেশী, অথবা স্কুলের অন্য কোনও পিতামাতা),
যারা আপনার অনুপস্থিতিতে আপনার সন্তানকে স্কুল থেকে নিতে আসতে
পারে। এতে অন্তর্ভুক্ত কোনও 3-K, প্রি-K, চাইল্ড কেয়ার, কিংবা
আফটারস্কুল প্রোগ্রাম, যেখানে আপনার সন্তান অংশগ্রহণ করছে।

আপনার সন্তানকে দেখাশোনার জন্য কাউকে নিযুক্ত করার কয়েকটি উপায়
রয়েছে। আরও জানতে on.nyc.gov/FamilySeparation দেখুন।

1. প্রথম উপায়টি হলো NYS অফিস অভ চিল্ড্রেন অ্যান্ড ফ্যামিলি
সার্ভিসেস-এ **OCFS-4940** নামক একটি ফর্ম পূরণ করার মাধ্যমে
কোনও ব্যক্তিকে পিতামাতার ভূমিকা পালনকারী হিসেবে মনোনীত করা।
এটি তাৎক্ষণিকভাবে করা যেতে পারে এবং আপনার আদালতে যাওয়া
আবশ্যিক নয়।
2. এটি করার দ্বিতীয় উপায়টি হলো **স্ট্যান্ডবাই গার্ডিয়ানশিপ** নামক একটি
প্রক্রিয়া। এই প্রক্রিয়ায় একটি আদালতে দাখিল করা আবশ্যিক।

সবার প্রতি মর্যাদা

যদি আপনি একজন অভিবাসী সেবাদানকারী হয়ে থাকেন, এতে অন্তর্ভুক্ত একজন পিতামাতা,
আইনি অভিভাবক, আইনি তত্ত্বাবধায়ক বা কাস্টোডিয়ান, অথবা অন্য আত্মীয়, যিনি অভিবাসন
সংক্রান্ত আইন প্রয়োগের কারণে আপনার সন্তানের কাছ থেকে আলাদা হয়ে যাবার আশঙ্কা
করছেন, তবে ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে সহায়তা নিন। আরও জানতে QR কোডটি
স্ক্যান করুন।



এই সংস্থানটি শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান করে। এটি কোনও আইনি পরামর্শ
নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে আলোচনা করুন।

জেনে নিন আপনার অধিকার

গোপনীয়তা

NYC পাবলিক স্কুলস্ (NYCPS) শিক্ষার্থীদের অথবা পরিবারের সদস্যদের অভিবাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে কোনও প্রশ্ন জিজ্ঞেস করে না অথবা খোঁজ রাখে না। আপনি অভিবাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত কোনও নথিপত্র আমাদের কর্মীদের কাছে দিয়ে থাকলে তারা সেগুলো সংরক্ষণ করবেন না। আইন দ্বারা আবশ্যিকভাবে বাধ্য না হলে NYCPS-এর স্টাফ শিক্ষার্থীর তথ্য কাউকে জানাবেন না।

ভাষাগত সহায়তা

বহুভাষী পরিবারদের জন্য নিউ ইয়র্ক সিটির সকল পাবলিক স্কুল বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবা প্রদান করে। আরও জানতে schools.nyc.gov/Hello দেখুন।

নিরাপদ স্কুল

সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ পরিবেশ বজায় রাখতে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস্ এনফোর্সমেন্ট-এর (ICE) কর্মীগণসহ কোনও অস্থানীয় বা লোকাল-নয় এমন আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাগণ আইন অনুযায়ী বাধ্যতামূলক না হলে এবং স্কুল NYCPS-এর আইনজীবীর সাথে কথা বলার আগে, NYCPS-এর স্কুলগুলোতে প্রবেশ করতে পারবেন না। যদি কোনও ICE কর্মকর্তা স্কুলে উপস্থিত হন, তাহলে কী হবে?

- স্কুলের সেইফটি এজেন্ট প্রিন্সিপালকে ফোন করবেন, যিনি আগত অফিসারের সাথে সেইফটি ডেস্কের সামনে সাক্ষাৎ করবেন। প্রিন্সিপাল অফিসারকে বলবেন যে, যখন প্রিন্সিপাল NYCPS আইনজীবীদের সাথে কথা বলবেন সেই সময়টুকু অফিসারকে অবশ্যই স্কুল বিল্ডিংয়ের বাহিরে অপেক্ষা করতে হবে।
- প্রিন্সিপাল NYCPS-এর আইনজীবীদের সাথে কথা বলবেন এবং পিতামাতা অথবা অভিভাবককে জানাবেন। ICE কর্মকর্তাদের কাছে যদি বৈধ আইনি ওয়ারেন্ট থাকে, কিংবা যদি এমন কোনও জরুরি পরিস্থিতির সৃষ্টি হয় যে তাদের জরুরি পদক্ষেপ নেয়া প্রয়োজন, শুধুমাত্র তাহলেই তারা প্রবেশ করতে পারবেন। আরও জানতে schools.nyc.gov/Hello দেখুন।

এই সংস্থানটি শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান করে। এটি কোনও আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে আলোচনা করুন।



নথিপত্র না থাকলে আমি আমার সন্তানের স্কুলে যেতে পারবো কি?

হ্যাঁ। NYCPS-এর কোনও স্কুলে আসতে, আপনার একটি ছবিযুক্ত অফিশিয়াল পরিচয়পত্রের প্রয়োজন হবে। NYCPS নিউ ইয়র্ক সিটি দ্বারা ইস্যুকৃত বিনাখরচে প্রদত্ত মিউনিসিপ্যাল ID কার্ড IDNYC গ্রহণ করে।

IDNYC অভিবাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্য সংগ্রহ করে না। আপনি বিনা খরচে একটি IDNYC কার্ডের জন্য nyc.gov/IDNYC -এ সাইন আপ করতে পারেন।

